গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ও দায়রা জজ-এর কার্যালয়, সুনামগঞ্জ।
(প্রশাসন বিভাগ)।
sunamganj.judiciary.gov.bd

আদেশ নং-৯১,

তারিখ- ১৪ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
২৮ মে ২০২৫ খ্রিঃ

**বিষয়ঃ 'বিচারপ্রার্থী জনগণের সেবা প্রাপ্তি সহজীকরণের লক্ষ্যে হেল্প লাইন চালু করণ' প্রসঙ্গে।**

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বিচার শাখা) এর ১৩/০৫/২৫ খ্রিঃ তারিখের বিজ্ঞপ্তি নং ১৪/২০২৫ জে, এর নির্দেশনা মোতাবেক দেশের সকল নাগরিকের বিচার সেবায় অভিগম্যতা এবং বিচার সংক্রান্ত অবাধ তথ্য প্রবাহ নিশ্চিত করণের লক্ষ্যে **সকল নাগরিকের বিচারিক সেবা প্রাপ্তিতে প্রতিবন্ধকতা ও নানাবিধ অনিয়ম দূরীকরণার্থে** সুনামগঞ্জ বিচার বিভাগে মোবাইল নম্বর ০১৩৩৫-১৪৫০৫৭ এর মাধ্যমে **"হেল্প লাইন"** চালু করা হলো এবং উক্ত **"হেল্প লাইন"** কার্য সম্পন্ন করার জন্য একটি কমিটি গঠনের লক্ষ্যে সুনামগঞ্জ-এর নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিজ্ঞ বিচারক (জেলা জজ)-কে সভাপতি করে কমিটি গঠনের মৌখিক ভাবে প্রস্তাব করা হলে তাতে তিনি সম্মতি প্রদান করায় নিম্ন বর্ণিত বিচার বিভাগীয় কর্মকর্তাগণের সমন্বয়ে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হ'ল।

কমিটি

(১) জনাব মুহাম্মদ হাবিবুল্লাহ, বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, সুনামগঞ্জ ---------- সভাপতি।
(২) জনাব মুহাম্মদ আকবর হোসেন, যুগ্ম জেলা ও দায়রা জজ, ১ম আদালত, সুনামগঞ্জ ------------- সদস্য সচিব।
(৩) জনাব মোহাম্মদ জসিম, অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, সুনামগঞ্জ --------------------------- সদস্য।

জনাব **তৈয়ব উদ্দিন, বিজ্ঞ জেলা লিগ্যাল এইড অফিসার, সুনামগঞ্জ**-কে উক্ত রুপ গঠিত হেল্প লাইনের প্রতিনিধি নিয়োগ করা হলো।

উক্ত বিজ্ঞপ্তির নির্দেশানা মোতাবেক **"হেল্প লাইন"** মোবাইল নম্বর ০১৩৩৫-১৪৫০৫৭ এর মাধ্যমে বিচার প্রার্থী জনগণের অনুকূলে প্রদত্ত সেবার মাসিক প্রতিবেদন জেলা ও দায়রা জজ, সুনামগঞ্জ এর মাধ্যমে পরবর্তী মাসের ০৭ (সাত) তারিখের মধ্যে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকায় প্রেরণ করবেন।

উক্ত **"হেল্প লাইন"** নম্বরটি বহুল প্রচারের নিমিত্ত জজশীপ, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল ও ম্যাজিস্ট্রেসীর সকল শাখার সামনে এবং আদালত প্রাঙ্গনের গুরুত্বপূর্ণ স্থানে প্রদর্শনের জন্য উক্ত কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

সংশ্লিষ্ট সকলকে জানানো হোক।

স্বাক্ষরিত/-
(মোঃ হেমায়েত উদ্দিন)
সিনিয়র জেলা ও দায়রা জজ,
সুনামগঞ্জ।

স্মারক নং- জেঃ জঃ সুনাম (প্রশাঃ)-২০২৫-৩০৪(২৮)

তারিখঃ ১৪ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
২৮ মে ২০২৫ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ-

১। মাননীয় রেজিস্ট্রার জেনারেল,
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)ঃ-

১। বিজ্ঞ বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, সুনামগঞ্জ।
২। বিজ্ঞ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, সুনামগঞ্জ। [অধীনস্ত সকল ম্যাজিস্ট্রেটগণকে অবহিত করার অনুরোধসহ]।
৩। বিজ্ঞ অতিরিক্ত জেলা ও দায়রা জজ ১ম /২য় আদালত, সুনামগঞ্জ।
৪। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, সুনামগঞ্জ।
৫। বিজ্ঞ যুগ্ম জেলা ও দায়রা জজ, ১ম /২য় আদালত, সুনামগঞ্জ।
৬। বিজ্ঞ অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, সুনামগঞ্জ।
৭। বিজ্ঞ বিচারক (যুগ্ম জেলা ও দায়রা জজ), ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, সুনামগঞ্জ।
৮। বিজ্ঞ সিনিয়র সহকারী জজ, সদর/ছাতক/ধর্মপাশা, সুনামগঞ্জ।
৯। বিজ্ঞ জেলা লিগ্যাল এইড অফিসার (সিনিয়র সহকারী জজ), সুনামগঞ্জ।
১০। বিজ্ঞ ভারপ্রাপ্ত জজ, নেজারত বিভাগ/হিসাব বিভাগ/অনুলিপি বিভাগ/লাইব্রেরী বিভাগ/রেকর্ডরুম, জেলা জজ আদালত, সুনামগঞ্জ।
১১। বিজ্ঞ সহকারী জজ, তাহিরপুর/ দোয়ারা বাজার/ জামালগঞ্জ/ বিশ্বম্ভরপুর/ জগন্নাথপুর/দিরাই/ শাল্লা, সুনামগঞ্জ।
১২। বিজ্ঞ সভাপতি, সুনামগঞ্জ জেলা আইনজীবী সমিতি, সুনামগঞ্জ।
১৩। গোপনীয় সহকারী, জেলা জজ আদালত, সুনামগঞ্জ (আদালতের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৪। অফিস কপি।

২৮/০৫/২০২৫
(মোঃ কামরুজ্জামান)
প্রশাসনিক কর্মকর্তা (ভাঃ)
জেলা ও দায়রা জজ আদালত,
সুনামগঞ্জ।

CamScanner